



রায়দিঘী কলেজ  
রায়দিঘী, দঃ ২৪ পরগণা

২০২১-২০২২ শিক্ষাবর্ষে বি.এ/বি.এস.সি. (অনার্স ও পাস ) প্রথম সেমিস্টারে(CBCS) ভর্তির নিয়মকানুন

ভর্তির আবেদন বা ভর্তির জন্য কোনভাবেই কলেজ ক্যাম্পাসে ছাত্রছাত্রী বা অভিভাবক/অভিভাবিকার প্রবেশ বা যোগাযোগ কঠোরভাবে নিষিদ্ধ।

ফর্ম ফিলাপ করতে হবে অনলাইনে, ২রা আগস্ট, ২০২১ দুপুর ১ টা থেকে ২০শে আগস্ট, ২০২১ (রাত ১২ টা) পর্যন্ত।

- অনলাইন ফর্ম ফিলাপের সময় আবেদনকারীর নিজের মোবাইল নম্বর ও ইমেইল আইডি দেওয়া বাধ্যতামূলক। অনলাইন আবেদন করার সময় উক্ত মোবাইল নম্বরে OTP যাবে। OTP-র বৈধতা নিশ্চিতকরণের পর ফর্ম সাবমিট করা যাবে।
- অনলাইন ফর্ম ফিলাপের পর একটি Application ID তৈরি হবে, যার দ্বারা ছাত্রছাত্রীরা ওয়েবসাইটে Login করতে পারবে (Password: Date of Birth DD/MM/YYYY) জন্মতারিখ মাধ্যমিক পরীক্ষার অ্যাডমিট অনুযায়ী হবে, নামের বানান হবে উচ্চমাধ্যমিক মার্কশিট অনুযায়ী হবে।
- অনলাইন ফর্ম ফিলাপ করার পর ফর্ম প্রিন্ট আউট নিতে হবে। (ফর্মের হার্ড কপি জমা নেওয়া সংক্রান্ত বিজ্ঞপ্তি পরে জানানো হবে)
- অনলাইন আবেদনের জন্য রেজিস্ট্রেশন ফিঃ প্রয়োজন নেই।
- ২০১৯, ২০২০ ও ২০২১ সালে যারা উচ্চমাধ্যমিক বা সমতুল পরীক্ষায় (১০+২) পাশ করেছে একমাত্র তারাই আবেদন করতে পারবে।
- ২০১৯ ও ২০২০ সালে পাশ করা কোন ছাত্রছাত্রী যাদের University Registration হয়ে গেছে, তারা আবেদন করতে পারবে না।
- WBSCVET থেকে পাশ করা ছাত্রছাত্রীরা শুধুমাত্র বি.এ. পাসকোর্সে ভর্তির জন্য আবেদন করতে পারবে। ( শারীরবিদ্যা বা ভূগোল বিষয় বাদে)
- অনার্স ও পাসকোর্সের জন্য আলাদা রেজিস্ট্রেশন করতে হবে। একজন ছাত্র/ছাত্রী সর্বাধিক ৩ টি বিষয়ের জন্য অনার্সের ফর্ম ফিলাপ করতে পারবে। একটি ফর্মে সর্বাধিক তিনটি বিষয়ের জন্য আবেদন করা যাবে। যে সকল আবেদনকারী অনার্স নিয়ে পড়তে আগ্রহী , অনার্সের সাথে পাসকোর্সের জন্যও একটি আবেদন করে রাখতে পারে। (পাসকোর্সের যে সকল ছাত্রছাত্রীরা ভূগোল বা Physical Education কনসিডারেশন বিষয় হিসাবে নিতে চায়, ১) তাদেরকে পাসকোর্সে একটি আবেদন করতে হবে ভূগোল বা Physical Education বাদ দিয়ে, ২) পাশাপাশি ভূগোল বা Physical Education কনসিডারেশন নিয়ে আরেকটি আবেদন করতে হবে। আসন সংখ্যা সীমিত হওয়ার কারণে কোন আবেদনকারী ছাত্রছাত্রী ভূগোল বা Physical Education নিয়ে ভর্তি হতে না পারলে আগের আবেদন অনুযায়ী পাসকোর্সে ভর্তি হতে পারবে।)
- অনলাইন আবেদনের ভিত্তিতে তালিকা (বিষয়ভিত্তিক/শ্রেণিভিত্তিক) প্রকাশিত হবে আগামী ২২.০৮.২০২১ তারিখ, দুপুর ২টায়।
- ক্রটি সংশোধনের জন্য আবেদনকারীরা সময় পাবে ২৯.০৮.২০২১ তারিখ পর্যন্ত। (আবেদনকারী নিজে ক্রটি সংশোধন করতে পারবে না, শুধুমাত্র ইমেইল (admission@raidighicollege.org.in) এর মাধ্যমে কলেজকে উপযুক্ত ডকুমেন্ট দিয়ে জানালে তা সংশোধন করে দেওয়া হবে)
- সংশোধিত তালিকা (বিষয়ভিত্তিক/শ্রেণিভিত্তিক) প্রকাশিত হবে আগামী ৩১.০৮.২০২১ তারিখ, দুপুর ২টায়।
- অনলাইন আবেদনের ভিত্তিতে মেরিট লিস্টে (বিষয়ভিত্তিক/শ্রেণিভিত্তিক) থাকা ছাত্রছাত্রীরা অনলাইনে টাকা জমা করে প্রতিশ্রুতি ভর্তি হয়ে যাবে। এক্ষেত্রে কলেজে আসতে হবে না বা কোনভাবেই কোন আধিকারিকের সাথে যোগাযোগের প্রয়োজন নেই। প্রতিশ্রুতি ভর্তি নিশ্চিত হবার জন্য তাঁদের কাছে একটি কনফার্মেশন মেসেজ যাবে।
- ভর্তির পরে যেদিন তাদেরকে কলেজে প্রথম আসতে বলা হবে সেদিন সেইসকল ছাত্রছাত্রীদের ফর্মের হার্ড কপির সাথে সমস্ত Original Documents মিলিয়ে নিয়ে (সাথে এক কপি করে জেরক্স কপি জমা দিতে হবে) চূড়ান্ত ভর্তির সিলমোহর দেওয়া হবে। এক্ষেত্রে যদি মার্কস বা ক্যাটেগরি সংক্রান্ত বা অন্য কোন বিষয়ে তথ্য লুকনোর কোন অভিযোগ ধরা পড়ে, সেক্ষেত্রে তার ভর্তি বাতিল বলে গণ্য করা হবে। ভর্তি বাতিলের সিদ্ধান্তে কলেজের অধ্যক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।
- অনার্সের জন্য আবেদন করার যোগ্যতার মাপকাঠিঃ
  - বেস্ট ফোর বিষয়ে ৫০% ও সংশ্লিষ্ট বিষয়ে ৪৫% অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৫৫%
  - তপশিলী জাতি/উপজাতিদের জন্যঃ বেস্ট ফোর বিষয়ে ৪০% অথবা সংশ্লিষ্ট বিষয়ে ৪০%
  - (বিঃদ্রঃ ফুড অ্যান্ড নিউট্রিশন ও মাইক্রোবায়োলজি অনার্সের ক্ষেত্রে কেমিস্ট্রিতে পাস করতে হবে)
- সংরক্ষণঃ পশ্চিমবঙ্গ সরকারের নিয়মানুযায়ী। (ভর্তির অনলাইন আবেদনের সময় বৈধ সার্টিফিকেট আপলোড করতে হবে )
- ভর্তির জন্য মেধাতালিকা, সময়সূচী এবং নিয়মকানুন সম্পর্কিত বিজ্ঞপ্তি আগামী ৩১.০৮.২০২১ বিকাল ৫টায় দেওয়া হবে।
- ভর্তি সংক্রান্ত সময়সূচী বিশেষ পরিস্থিতিতে (বিশ্ববিদ্যালয় / সরকারী আদেশনামা বা যান্ত্রিক ক্রটি ইত্যাদি) পরিবর্তনযোগ্য।
- Subjects offered:

বি.এ. অনার্স	বাংলা, ইতিহাস, শিক্ষাবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল, ইংরাজি
বি.এ. জেনারেল	বাংলা, ইতিহাস, শিক্ষাবিজ্ঞান, রাষ্ট্রবিজ্ঞান, ভূগোল*, ইংরাজি, দর্শন, শারীরবিদ্যা*, সংস্কৃত
বি.এস.সি অনার্স	পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা, খাদ্য ও পুষ্টি , অণুজীববিদ্যা
বি.এস.সি জেনারেল	পদার্থবিদ্যা, রসায়ন, গণিত, প্রাণীবিদ্যা, উদ্ভিদবিদ্যা, খাদ্য ও পুষ্টি , অণুজীববিদ্যা

কলেজের হেল্পলাইন নাম্বারঃ ৯৭৩২১৯৬৪৩৭/৯৭৩২১৬০৪৪৭ ( ছুটির দিন বাদে প্রত্যহ সকাল ১১টা থেকে বিকাল ৪টা) , Whatsapp/Telegram : ৯৭৩২১৬০৪৪৭ ,

Email: admission@raidighicollege.org.in

Visit: [www.raidighicollege.in](http://www.raidighicollege.in)